নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সলাতের সময় উভয় বাহু পৃথক রাখতেন। এমনকি তাঁর বগলের শুভ্রতা দেখা যেতো।

আব্দুল্লাহ ইবনু মালিক ইবনু বুহাইনাহ রদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সলাতের সময় উভয় বাহু পৃথক রাখতেন। এমনকি তাঁর
বগলের শুভ্রতা দেখা যেতো।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সিজদা করতেন, তখন তিনি তার দুই হাতের মধ্যে ফাঁক রাখতেন। তিনি তার প্রতিটি হাতের পাশের দিক উক্ত হাত দুটি ডানার ন্যায় ছড়িয়ে দিতেন। এমনকি এতে তার বগলের চামড়ার রঙ বোঝা যেত। বাহুদ্বয়কে ছড়িয়ে দেওয়া এবং পার্শদেশ থেকে উভয়টিকে দূরে রাখার ক্ষেত্রে এটি হচ্ছে সর্বোচ্চ গুরুত্বারোপ।

http://sunnah.global/hadeeth/bn/show/3220